তারিখ : 30 NOV 2015
পৃষ্ঠা … কলাম …

দৈনিক
ইত্তেফাক



তেরখাদা (খুলনা): উপজেলার কাটেঙ্গা বর্ণমালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মূলভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় খোলা আকাশের নিচে ক্লাস নেয়া হচ্ছে -ইত্তেফাক

# কাটেঙ্গা বর্ণমালা স্কুলের ভবন ঝুঁকিপূর্ণ

▣ তেরখাদা (খুলনা) সংবাদদাতা

তেরখাদা উপজেলার কাটেঙ্গা বর্ণমালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মূল ভবন দীর্ঘদিন আগে থেকেই মরণ ফাঁদে পরিণত হয়েছে। ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস পরিচালনা করে চলেছেন শিক্ষকরা।

শিক্ষকরা জানান, বিগত ৫ বছর আগে থেকে ওই বিদ্যালয় ভবনের ছাদ, দেয়াল এবং পিলার থেকে পলেস্তারা খসে পড়ছে। ভবনের পিলারগুলোতে শুধু লোহার রড বেরিয়ে আছে। ভবনের দেয়ালের একাধিক স্থানে ফাটল ধরেছে। ছাদসহ বিভিন্ন স্থানে ফাটল দেখা দিলে শিক্ষকমণ্ডলী ও ম্যানেজিং কমিটির সদস্য, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে জানান। পরবর্তীতে কর্মকর্তারা ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস কার্যক্রম পরিচালনা না করার জন্য জানিয়ে দেন। শিক্ষকরা বলছেন, নির্দেশনা দিয়েই শেষ করছেন কর্মকর্তারা। কিন্তু কোথায় কিভাবে ক্লাস নিতে হবে তা বলেননি। শিশুসহ ৬টি ক্লাস এখানে রয়েছে। অন্য কোন ভবন না থাকায় ওই ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস নিচ্ছেন শিক্ষকরা। আবার কোনো কোনো সময় বিদ্যালয়ের মাঠে খোলা আকাশের নিচে বসে ক্লাস পরিচালনা করতে হচ্ছে। বর্ষা মৌসুমে কোমলমতী ছাত্র-ছাত্রীদের চরম ভোগান্তি হয়। প্রতিদিন বেঞ্চ বের করে মাঠের মধ্যে নিতে হয় আবার বৃষ্টি আসলেই বেঞ্চ নিয়ে ওই ঝুঁকিপূর্ণ ভবনে দৌড় দিতে হয়। এভাবে আর কতদিন চলবে বর্ণমালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া। বর্তমানে ২ শতাধিক ছাত্র-ছাত্রী এ বিদ্যালয়ে পড়ালেখা করছে। যে কোনো মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।

উপজেলা শিক্ষা অফিসার মো. কামরুজ্জামান বলেন, বর্ণমালা সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ তেরখাদার আরো বেশকিছু বিদ্যালয় ভবন অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে।